

ভিয়েনায় বাংলাদেশ দূতাবাস ও স্থায়ী মিশনে ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধন

অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় নানা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে বহুল প্রতিক্ষিত ই-পাসপোর্টে কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। আজ ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাস ও স্থায়ী মিশনে আনুষ্ঠানিকভাবে ই-পাসপোর্ট কার্যক্রমের শুভ উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি।

উদ্বোধনী অনুষ্ঠানে জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, ই-পাসপোর্টের কার্যক্রম শুরুর মাধ্যমে ডিজিটাল বাংলাদেশের আরও একটি স্বপ্ন পূরণ হলো। তিনি আরও বলেন, বিশ্বের অনেক উন্নত দেশ এখনো ই-পাসপোর্টের প্রচলন করতে পারেনি এবং দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশই প্রথম ই-পাসপোর্ট সেবা চালু করেছে। ই-পাসপোর্টের প্রচলন উন্নত প্রযুক্তিনির্ভর 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে একটি মাইলফলক হিসেবে বিবেচিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে ই-পাসপোর্ট প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক লে. কর্ণেল মোঃ নুরুল আলম ই-পাসপোর্টের বিস্তারিত তথ্যাদি আমন্ত্রিত অতিথিদের সামনে তুলে ধরেন।

সভাপতির বক্তব্যে দূতাবাসের চার্জ দ্যা আফেয়ার্স জনাব রাহাত বিন জামান ভিয়েনায় ই-পাসপোর্ট সেবা চালু করার জন্য সুরক্ষা সেবা এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরকে ধন্যবাদ জানান। তিনি মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর সদয় নির্দেশনায় প্রবাসী বাংলাদেশীদের উৎকৃষ্ট মানের সেবা প্রদানকে দূতাবাসের অগ্রাধিকার বলে উল্লেখ করেন।

এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ হাবিবুর রহমান। আলোচনা সভায় বক্তারা ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধনের ফলে পাসপোর্ট সংক্রান্ত সেবাসমূহ আরও উন্নত হবে মত প্রকাশ করেন। অনুষ্ঠানে দূতাবাসের কর্মকর্তারা ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
